ওঁ শান্তি

05920 I - 02341

UTRAYAN

উত্তরায়ন হিম ঘর

বারাসাত

# সাফ বিক্রয় কোবালা

PLOT NO = 115
Barasat

05920

I-02341 5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

M. V. 1149000/-

D. Stamp Duty Rs. 3960/-

D. A Fee Rs. 726/-

Has been Realised on 06/7/07

as per Banker's Cheque/Bank Draft

No. 783457 Dated 05/7/07

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas
- 6 JUL 2007

৮৩,০০০.০০ (তিরাশি হাজার) টাকা পণে

# সাফ বিক্রয় কোবালা

M.V. 1470001/-
B.C. 3960/-
A. 726/- Paid

ক্রেতা :

শ্রী শ্যামল কুমার পাল, পিতা - স্বর্গীয় হরিপদ পাল, সাং - এ/৬, শরৎ চন্দ্র কলোনী, পোঃ - রাজবাড়ী, থানা - এয়ারপোর্ট, কলকাতা - ৭০০০৮১, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - চাকুরী।

Admissible under Rule 21 and also under section 5 of W.B.L.R. Act. —1908 (XVI of 1908) duty stamped under the Indian stamped 1899

Schedule 1 A. No. 23

Fess Paid A - 902/- E - 7/- E - 7/- 916/-

P. fee R.s 10/-

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

- 6 JUL 2007

(২)

<u>বিক্রেতা</u> ঃ

**১। শ্রী জীবানন্দ পাল,** পিতা - স্বর্গীয় কৃষ্ণ লাল পাল, সাং - কোতরাং জি.টি. রোড, থানা - উত্তরপাড়া, জেলা - হুগলী, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ব্যবসা পক্ষে আমমোক্তার ঃ - **শ্রী অশোক কুমার পাল ও শ্রী অরূপ কুমার পাল,** উভয়ের পিতা - স্বর্গীয় নিত্যানন্দ পাল, উভয়ের সাং - সিতি, পোঃ - কাজীপাড়া, থানা - বারাসাত, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ব্যবসা।

(যাহাতে আমরা একযোগে ইংরাজী ১৩।২।২০০৩ তারিখে বারাসাত ডি.আর. ।। অফিসের ৪ নং বহির ৬ নং ভল্যুমের ৫৬ হইতে ৬২ নং পাতায় নকলিকৃত হইয়াছে। ০০০৬৯ নং আমমোক্তারনামা দলিল মূলে জীবানন্দ পালের সম্পত্তি ক্ষমতা প্রাপ্ত)।

**২। উক্ত শ্রী অশোক কুমার পাল,** পিতা - স্বর্গীয় নিত্যানন্দ পাল, সাং - সিতি, পোঃ - কাজীপাড়া, থানা - বারাসাত, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ব্যবসা।

<u>কনফার্মিং পার্টী</u> ঃ

মেসার্স ডিজার এ্যাগ্রো রিসোর্স ডেভলপমেন্ট **প্রাইভেট লিমিটেড** এবং রেজিষ্ট্রার কার্য্যালয় সাং - পি-৫৯৪, পূর্ণ দাস রোড, থানা - লেক, কলকাতা - ৭০০০২৯, সিটি অফিস পি/৮৫, লেক রোড, কলকাতা - ২৯ এর পক্ষে ডিরেক্টার ঃ **শ্রী সঞ্জয় কুমার সাউ,** পিতা - শ্রী মেওয়ালাল সাউ, সাং - পি-২৩ ডবসন লেন, হাওড়া - ৭১১১০১, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ব্যবসা।





**কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাংঞ্চাগে ঃ**

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা ও মিউনিসি্যাপলিটি এবং এ.ডি.এস.আর. অফিস বারাসাতের অন্তর্গত পরগণা আনোয়ারপুরের মধ্যে মৌজা - সিতি গ্রামে জে.এল.নং - ১০১ নিম্নের 'ক' তপশীলে বিশেষরূপে বর্ণিত সাবেক খতিয়ান ৬০ নং অধীন আর.এস. খতিয়ান ৭২০ নং ভূক্ত বর্তমান এল.আর. খতিয়ান ৬০০ নং ভূক্ত সি.এস. ও আর.এস. ৬২৮ নং দাগভূক্ত বর্তমান এল.আর. ৫৩৯ নং দাগে ডাঙ্গা/ইটখোলা ১৪ একর ৩৪ শতক জমি তন্মধ্যে আমি ১ নং বিক্রেতা আমার .০৮৬৫ অংশে ১ একর ২৬ শতক জমি তন্মধ্যে চিহ্নিত মতে ১১৫ নং স্কীম প্লটে বাংলামাপে ১ কাঠা ৬ ছটাক ০৮ বর্গফুট সমান কমবেশী ২.২৬ শতক জমি সহ ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হকুক এবং নিম্নের 'খ' তপশীলে বিশেষরূপে বর্ণিত ৩৬৪ নং খতিয়ানের অধীন বর্তমান এল.আর. খতিয়ান ১২ নং ভূক্ত। সি.এস. ও আর.এস. ৬৭১ নং দাগভূক্ত। বর্তমান এল.আর. ৫৩৯ নং দাগে ডাঙ্গা/ইটখোলা ১৪ একর ৩৪ শতক জমির মধ্যে আমি ২ নং বিক্রেতা আমার ০.১৭৪৬ অংশে প্রাপ্ত ২ একর ৫২ শতক জমি তন্মধ্যে চিহ্নিত মতে অত্র দলিল সংযুক্ত নক্সায় প্রদর্শিত ১১৫ নং স্কীম প্লটে বাংলামাপে ১ কাঠা ৯ ছটাক ৩৭ বর্গফুট সমান কমবেশী ২.৭০ শতক ডাঙ্গা জমি সহ ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্ত হকুক।

এক্ষণে আমরা ১ ও ২ নং বিক্রেতা আমাদের খাস দখলীয় জমির মধ্য চিহ্নিত মতে (১১৫) নং স্কীম প্লটে একযোগে মোট বাংলামাপে ৩ কাঠা সমান িংরাজী মাপে কমবেশী ৪.৯৬ শতক জমি মায় নক্সায়

প্রদর্শিত রাস্তা ও জল নিকাশের ড্রেন, জলের পাইপ, লাইন, ইলেকট্রিক লাইন ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হকুক।

যাহাতে আমি ১ নং বিক্রেতা গত ইং ২৫।২।১৯৬৫ তারিখে বারাসাত সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৩৯ নং ভল্যুমের ১০৫ হইতে ১০৭ নং পাতায় নকলিকৃত হইয়াছে। ২৪২৮ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা সিতি গ্রাম নিবাসী দিদার বক্স মণ্ডল দিগের নিকট হইতে সি.এস. ও আর.এস. ৬২৮ নং দাগে ডাঙ্গা যোল আনা অংশে ২৮ শতক জমি ও অন্যান্য খরিদা দলিল মূলে অন্যান্য দাগের জমি খরিদ করিয়া খরিদা স্বত্বে এল.আর. জরিপে ৬০০ নং খতিয়ানে ৫৩৯ নং দাগে ১ একর ২৬ শতক জমি নিজ নামে রেকর্ড ভূক্ত করিয়া নিজ খাসে অন্যের নিরাংশে নির্বিবাদে বিনা স্বত্ব সংশ্রবে নির্দ্দায়, নির্দ্দোষ ও পরিস্কার অবস্থায় স্বত্ববান ও দখলকার আছি।

এবং আমি ২ নং বিক্রেতা গত ইংরাজী ৪।৪।১৯৭৭ তারিখে বারাসাত সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ২০৭৮ নং সাফকোবালা দলিলের দ্বারা সিতি গ্রাম নিবাসী মাওলা বক্স মণ্ডলের নিকট হইতে ৩৬৪ নং খতিয়ানের অধীন সি.এস. ও আর.এস. ৬৭১ নং দাগে ডাঙ্গা । ৭৪ শতক জমির মধ্যে ১/২ অংশে ৩৭ শতক জমি ও অন্যান্য খরিদা দলিল মূলে অন্যান্য দাগের জমি খরিদ করিয়া খরিদা স্বত্বে এল.আর. জরিপে ১২ নং খতিয়ানে ৫৩৯ নং দাগে ২ একর ৫২ শতক জমি নিজ নামে রেকর্ডভূক্ত করিয়া নিজ খাসে অন্যের নিরাংশেনির্বিবাদে বিনা স্বত্ব সংশ্রবে নির্দ্দায় নির্দ্দোষ ও পরিস্কার অবস্থায় স্বত্ববান ও দখলিকার আছি।

এক্ষণে আমাদের নানা বৈধ কারণবশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমরা একযোগে মোট ৩ কাঠা সমান কমবেশী ৪.৯৬ শতক জমি সহ ইজমেন্ট স্বত্বাদি বিক্রয় করিবার ঘোষণা ও প্রচার করিলে আপনি লোকপরম্পরায় অবগত হইয়া সর্ব্বখরিদার অপেক্ষা সর্ব্বোচ্চ মূল্য ৮৩,০০০.০০ (তিরাশি হাজার) টাকা পণে আপনি খরিদ করিতে ইচ্ছুক হইলে, আমরা তাহাতে সম্মত হইয়া বিক্রয় করা উচিত বিবেচনা করিয়া উক্ত ৮৩,০০০.০০ (তিরাশি হাজার) টাকা পণে আপনাকে সাফ বিক্রয় করিয়া আমরা এককালীন চিরতরের জন্য চিরনিঃস্বত্ববান ও দখলত্যাগি হইয়া আপনার খাস দখলে ছাড়িয়া দিলাম।

আপনি অদ্যকার তারিখ হইতে এই দলিলের বলে আমাদের যে কোন প্রকারের স্বত্ব সামিত্ব লভ্য হক হকিয়তাদি আছে তাহা রদ ও রহিত হইয়া আপনার প্রতি সম্পূর্ণরূপে বর্তাইল। আপনি আমাদের স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান, হকে হকদার দখলে দখকিলার হইয়া যদৃচ্ছা ব্যবহারে দান, বিক্রয়াদির দ্বারা সর্ব্বপ্রকার হস্তান্তরকরণের স্বত্বাধিকারি হইয়া মালিক হাল পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের সেরেস্থায় আমাদের নামের স্থলে আপনার নিজ নাম পত্তন পূর্বক করাদায়ে দাখিলাদি গ্রহণে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন।

কশ্মিনকালে উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে আমরা কিম্বা আমাদের কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া করি বা করে তাহা সর্ব্বাদালতে বাতিল ও নামাঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে উক্ত বিক্রীত সম্পত্তি আমরা ইত্যাগ্রে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা কোনপ্রকার মামলায় আবদ্ধ করিয়া রাখি নাই বা কোন দেবসেবায় অর্জন করিয়া রাখি নাই বা কাহারও সহিত লিখিত বা মৌখিক বায়নাপত্রে চুক্তিবদ্ধ নাই। আরও উল্লেখ থাকে যে, অত্র সম্পত্তি আমরা বিক্রেতাদ্বয় .ইতিপূর্বে কোন সরকারী ও বেসরকারী সংস্থায় বন্ধকাদির দ্বারা আবদ্ধ রাখি নাই বা মর্টগেজ নাই। উক্ত সম্পত্তি সরকার কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুাইজিশান প্রসিডিংসের অন্তর্ভূক্ত নাই বা তদ্‌মাস অমারা অদ্যবধি কোনরূপ নোটিশ পাই নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ, পরিষ্কার ও মুক্ত অবস্থায় আমাদের সম্পূর্ণ নিজ খাসদখলে থাকাবস্থায় আপনার নিকট বিক্রয় করিলাম। যদি ভবিষ্যতে কোনরূপ তঞ্চকতা থাকা প্রকাশ পায় তাহা হইলে পণের লিখিত টাকা মায় খরচ ক্ষতিপূরণ করিতে বাধ্য থাকিব।

আরও প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে অত্র দলিলে ভবিষ্যতে কোনরূপ ভুলভ্রান্তি প্রকাশ পাইলে তাহা বিনা টাকায় ভ্রমসংশোধন বা যে কোন দলিলের দ্বারা পুনরায় রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিব।

আরও প্রকাশ থাকে যে, আমি অত্র দলিলের কনফার্মিং পার্টী অত্র দলিলের বিক্রীত সম্পত্তি ও অন্যান্য সম্পত্তি অত্র দলিলের বিক্রেতাগণ উক্ত মেসার্স ডিজার এ্যাগ্রো রিসোর্স ডেভলপমেন্ট প্রাইভেট লিমিটেডের সহিত এক চুক্তিপত্র মূলে চুক্তি হয় যে, উক্ত জমি ও অন্যান্য জমি ছোট ছোট প্লট নির্মাণ করিয়া বিভিন্ন ব্যক্তিকে বিক্রয় করিতে হইলে

যাহা উন্নয়ণমূলক কার্য্যের প্রয়োজন তাহা আমি নিজ দায়িত্বে করিতে বাধ্য থাকিব।

এই কারণে আমি অত্র দলিলের কনফার্মিং পার্টী ভূক্ত হইলাম এবং উক্ত প্লটিং-এর স্থানের নামকরণ দেওয়া হইয়াছে **উত্তরায়ণ।**

এতদার্থে পণের লিখিত টাকা নগদ বুঝিয়া পাইয়া আপন আপন ইচ্ছায় নিজ নিজ হিতার্থে সরল অন্তকরণে স্বজ্ঞানে অত্র সাফ কোবালা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি বাংলা ১৪১৩ সনের ১১ই ভাদ্র, ইংরাজী ২০০৬ সালের ২৮শে আগষ্ট।

## 'ক' তপশীল সম্পত্তির পরিচয়

সাবেক ১৪৬ নং তৌজির মধ্যে জেলা - উত্তর ২৪ পরগণা, থানা ও মিউনিসিপ্যালিটি এবং এ.ডি.এস.আর. অফিস বারাসাতের অন্তর্গত পরগণা আনোয়ারপুরের মধ্যে মৌজা - সিতি গ্রামে হাল রায়ত দখলি স্বত্ববিশিষ্ট হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীনে এল.আর. জরিপে ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে খাজনা ধার্য্য হইবে। জমিজমার মধ্যে জমার কাত চিহ্নিত মতে ১ কাঠা ৬ ছটাক ০৮ বর্গফুট সমান কমবেশী ২.২৬ শতক জমি।

মৌজা - সিতি, জে.এল.নং - ১০১, রে. সা. নং - ৫০,

সি.এস. খতিয়ান ৬০ নং

আর.এস. খতিয়ান ৭২০ নং

বর্তমান এল.আর. খতিয়ান ৬০০ নং (যাহা আমি ১ নং বিক্রেতা আমার নামে রেকর্ড ভূক্ত)।

সি.এস. ও আর.এস. ৬২৮ (ছয়শত আটাশ) নং দাগভূক্ত। (ওয়ার্ড নং - ১১, হোল্ডিং নং - ৪৯)।

বর্তমান এল.আর. ৫৩৯ (পাঁচশত উনচল্লিশ) নং দাগে ডাঙ্গা/ইটখোলা ১৪ একর ৩৪ শতক জমির মধ্যে আমি ১ নং বিক্রেতা আমার .৮৬৫ অংশে প্রাপ্ত ১ একর ২৬ শতক জমি। তন্মধ্যে চিহ্নিত মতে অত্র দলিলের সংযুক্ত ব্লু-প্রিন্ট নক্সায় প্রদর্শিত (১১৫) নং স্কীম প্লটে বাংলামাপে ১ এক কাঠা ৬ ছয় ছটাক ০৮ আট বর্গফুট সমান কমবেশী ২.২৬ দুই দশমিক দুই ছয় শতক জমি।

---

উক্ত ১ এক কাঠা ৬ ছয় ছটাক ০৮ আট বর্গফুট সমান কমবেশী ২.২৬ শতক জমি।

## 'খ' তপশীল সম্পত্তির পরিচয়

ঐ তৌজির মধ্যে ঐ এলাকাধীন মৌজা - সিতি গ্রামে হাল ঐ স্বতীয় হাল মালিক উক্ত সরকারের অধীন এল.আর. জরিপে ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে খাজনা ধার্য্য হইবে। জমিজমার মধ্যে জমার কাত চিহ্নিত মতে ১ কাঠা ৯ ছটাক ৩৭ বর্গফুট সমান কমবেশী ২.৭০ শতক জমি।

মৌজা - সিতি, জে.এল.নং - ১০১, রে. সা. নং - ৫০, খতিয়ান ৩৬৪ নং এল.আর. খতিয়ান ১২ নং (যাহা আমি ২ নং বিক্রেতা আমার নামে রেকর্ড ভূক্ত)।

ওয়ার্ড নং ১১, হোল্ডিং নং - ৪৯।

সি.এস. ও আর.এস. ৬৭১ ছয়শত একাত্তর নং দাগভূক্ত। বর্তমান এল.আর. ৫৩৯ পাঁচশত উনচল্লিশ নং দাগে ডাঙ্গা/ইটখোলা ১৪ একর ৩৪ শতক জমির মধ্যে আমি ২ নং বিক্রেতা আমার ০.১৭৪৬ অংশে প্রাপ্ত ২ একর ৫২ শতক জমি। তন্মধ্যে চিহ্নিত মতে অত্র দলিলের সংযুক্ত ব্লু-প্রিন্ট নক্সায় প্রদর্শিত (১১৫) নং স্কীম প্লটে বাংলামাপে ১ এক কাঠা ৯ নয় ছটাক ৩৭ সাঁইত্রিশ বর্গফুট সমান কমবেশী ২.৭০ দুই দশমিক সাত শূণ্য শতক জমি।

---

উক্ত ১ এক কাঠা ৯ নয় ছটাক ৩৭ সাঁইত্রিশ বর্গফুট সমান কমবেশী ২.৭০ শতক জমি।

---

একলপ্তে সর্ব্বমোট 'ক' ও 'খ' তপশীলে চিহ্নিত মতে অত্র দলিলের সংযুক্ত ব্লু-প্রিন্ট নক্সায় প্রদর্শিত ও লাল রেখা দ্বারা বেষ্টিত (১১৫) নং স্কীম প্লটে বাংলামাপে **৩ তিন কাঠা** সমান ইংরাজী মাপে কমবেশী **৪.৯৬ চার দশমিক নয় ছয় শতক** জমি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিল ভূক্ত হইল। উক্ত নক্সা দলিলের অংশরূপে গণ্য হইবে।

<u>বিক্রীত জমির চারি চৌহদ্দি</u>

উত্তরে ঃ ২২ ফুট চওড়া রাস্তা।

দক্ষিণে ঃ ১১৩ নং স্কীম প্লটের জমি।

পূর্বে ঃ ১১৪ নং স্কীম প্লটের জমি।

পশ্চিমে ঃ অন্যের জমি।

বিক্রীত জমির চারি বাহুর পরিমাপ

উত্তর বাহু ঃ ৩২´ ফুট ৯´´ ইঞ্চি।

দক্ষিণ বাহু ঃ ৩২´ ফুট ৯´´ ইঞ্চি।

পূর্ব্ব বাহু ঃ ৬৫´ ফুট ০´´ ইঞ্চি।

পশ্চিম বাহু ঃ ৬৭´ ফুট ০´´ ইঞ্চি।

টাকার জায়

| | | |
|---|---|---|
| ১০০০ X ২০ | = | ২০,০০০.০০ টাকা |
| ৫০০ X ১০০ | = | ৫০,০০০.০০ টাকা |
| ১০০ X ১০০ | = | ১০,০০০.০০ টাকা |
| ৫০ X ৬০ | = | ৩,০০০.০০ টাকা |

মোট ৮৩,০০০.০০ টাকা বুঝিয়া পাইলাম।

অশোক কুমার পাল
অরূপ কুমার পাল

*দলিল পাঠ করিয়া মর্ম শুনাইয়া ও বুঝাইয়া দিলাম।*

মোসাবিদাকারক ঃ

শ্রী শঙ্কর নাথ ঘোষ

**শ্রী শঙ্কর নাথ ঘোষ,**
সাং - ২৩/১, কে. কে. মিত্র রোড,
বারাসাত, **Linc. No. II-38**
**A.D.S.R.O. Barasat.**

ইসাদি ঃ

১।

২।

বর্ণসংস্থাপনে ঃ

রাহুল ঘোষাল

রাহুল ঘোষাল
Sankar17/R

# DISTRICT NORTH 24 PARGANAS

OFFICE OF THE

(Photo of the presentant should be pasted in the front page of the document.)

(1)

Name [illegible] Status - Presentant

## LEFT HAND FINGER PRINTS

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
|---|---|---|---|---|
| | | | | |

## RIGHT HAND FINGER PRINTS

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
|---|---|---|---|---|
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person.*

[illegible]

***Signature of the presentant***

(2)

Name [illegible]

Status - Presentant/Executant/Claimant/Attorney/Principal/Guardian/Testator ( √ )

## LEFT HAND FINGER PRINTS

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
|---|---|---|---|---|
| | | | | |

## RIGHT HAND FINGER PRINTS

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
|---|---|---|---|---|
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person.*

Arup Kr Paul

***Signature of the Presentant / Executant/ Claimant/Attorney/Principal/Guardian/Testator. (Tick the appropriate status).***

PASS PORT PHOTO WITH SIGNATURE

Right hand Little finger

Right hand Ring finger

Right hand Middle finger

Right hand Fore finger

Right hand Thumb

Left hand Thumb

Left hand Fore finger

Left hand Middle finger

Left hand Ring finger

Left hand Little finger

ATTESTED THE FINGER PRINTS

SIGNATURE



Right hand Little finger

Right hand Ring finger

Right hand Middle finger

Right hand Fore finger

Right hand Thumb

Left hand Thumb

Left hand Fore finger

Left hand Middle finger

Left hand Ring finger


Left hand Little finger

ATTESTED THE FINGER PRINTS

SIGNATURE

REFERENCE:-(UTTARAYAN)·LANDLAY OUT SITE PLAN OF C·S&R·S DAG NO·628(PART)·L·R·DAG NO·539(P)·C·S·KH·NO·60·R·S·KH·NO·720·L·R·KHATIAN NO:-600·& C·S·&R·S·DAG NO·671(PART)·L·R·DAG NO·539(PART)·KH·NO·364·L·R·KHATIAN NO·12·AT MOUZA:-SITI·J·L·NO·101·R·S·NO·50·P·S & MUNICIPALITY:-BARASAT·DIST:-(N)·24 PARGANAS·WARD NO·11·HOLDING NO·49·PLOT NO·(115) TOTAL AREA OF LAND:-3KT·=MORE OR LESS 04·96 DECIMALS·SOLD AREA AS SHOWN IN RED BORDER·

SCALE:-20'FT=1"INCH·




SCHEDULE OF LAND·(SHOWN IN RED BORER)·

| PLOT NO· | C·S& R·S· DAG NO | L·R· DAG NO· | KT· | CH· | SFT | MORE OR LESS DEC· | NAME OF PURCHASER· |
|---|---|---|---|---|---|---|---|
| 115 | 628(P) | 539 (P)· | 1 | 6 | 08 | 2·26 | Sree Shyamal Kumar paul. S/O. Late Haripada paul. OF:- A/6, Sarat Chandra Colony Kolkata 70081· |
| | 671(P) | 539 (P)· | 1 | 9 | 37 | 2·70 | |
| 115 TOTAL | 628& 671(P) | 539 | 3 | 0 | 0 | 04·96 | |

DRAWN BY:-
Sankar Nath Ghosh.
OF:- 23/1. K. K. Mitra Road
Barasat.
Reg no. 66381.
Ph no·2562-5797· Date 28.8.06

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 1
Page from 14362 to 14377
being No 02341 for the year 2007.

Seal of the Additional District Sub Registrar, Barasat, District North 24-Parganas

() 17-July-2007

Office of the A. D. S. R. BARASAT
West Bengal